

## সালাম অস্ত-‘রবি’



### কাজী নজরুল ইসলাম

কাব্য-গীতির শ্রেষ্ঠ স্রষ্টা, দ্রষ্টা, ঋষি ও ধ্যানী  
মহাকবি রবি অস্ত গিয়াছে! বীণা, বেণুকা ও বাণী  
নীরব হইল। ধুলির ধরণী জানি না সে কত দিন  
রস-যমুনার পরশ পাবে না। প্রকৃতি বাণীহীন  
মৌন বিষাদে কাঁদিলে ভূবনে ভবনে ও বনে একা;  
রেখায় রেখায় রূপ দিলে আর কাহার ছন্দ-লেখা?  
অপ্রাকৃত মদনে মাধবী চাঁদের জ্যোৎস্না দিয়া  
রূপায়িত রসায়িত করিলে কে লেখনী, তুলিকা নিয়া?

ব্যাস, বাল্মীকি, কালিদাস, খৈয়াম, হাফিজ ও রুমী  
আরবের ইমরুল-কায়েস্ যে ছিলে এক সাথে তুমি!  
সকল দেশের সুরু কালের সকল কবিরে ভাঙি’  
তঁাহাদের রূপে রসে রাঙাইয়া, বুঝি কত যুগ জাগি’  
তোমারে রচিল রসিক বিধাতা, অপরূপ সে বিলাস,  
তব রূপে গুণে ছিল যে পরম সুন্দরের আভাস।

এক সে রবির আলোকে তিমির-ভীত এ ভারতবাসী  
ভুলেছিল পরাধীনতা-পীড়ন দুঃখ-দৈন্যরাশি।  
যেন উর্ধ্বের বরাভয় তুমি আল্লাহর রহমত,  
নিত্য দিয়াছ মৃত এ জাতিরে অমৃত শরবত,  
সকল দেশের সক জাতির সকল লোকের তুমি  
অর্ঘ্য আনিয়া ধন্য করিলে ভারত-বঙ্গভূমি ॥

তোমার মরুতে তোমার আলোকে ছায়া-তরু ফুল-লতা  
জমিয়া চির-স্মিঞ্চ করিয়া রেখেছিল শত ব্যথা।  
অস্তরে আর পাই না যে আলো মানস-গগন-কবি,  
বাহিরের রবি হেরিয়া জাগে যে অস্তরে তব ছবি।  
গোলাব ঝরেছে, গোলাবি আতর কাঁদিয়া ফিরিছে হায়।  
আতরে কাতর করে আরো প্রাণ, ফুলেরে দেখিতে চায়।

ফুলের, পাখির, চাঁদ-সুরুষের নাহি ক’ যেমন জাতি,  
সকলে তাদের ভালোবাসে, ছিল তেমনি তোমার খ্যাতি।  
রস-লোক হতে রস দেয় যারা বৃষ্টিধারার প্রায়  
তাদের নাহি ক’ ধর্ম ও জাতি, সকলের ঘরে যায়

অবারিত দ্বার রস-শিল্পীর, হেরেমেও অনায়াসে  
যায় তার সুর কবিতা ও ছবি আনন্দে অবকাশে।

ছিল যে তোমার অবারিত দ্বার সকল জাতির গেহে,  
তোমারে ভাবিত আকাশের চাঁদ, চাহিত গভীর স্নেহে।  
ফুল হারাইয়া আঁচলে রুমালে তোমার সুরভি মাখে  
বক্ষে নয়নে বুলায়ে আতর, কেঁদে ঝরাফুল ডাকে।

আপন জীবন নিঙাড়ি' য়েজন তৃষাতুর জনগণে  
দেয় প্রেম রস, অভয় শক্তি বসি' দূর নির্জনে,  
মানুষ তাহারি তরে কাঁদে, কাঁদে তারি তরে আল্লাহ,  
বেহেশ্ত হতে ফেরেশ্তা কহে তাহারেই বাদশাহ।

শত রূপে রঙে লীলা-নিকেতন আল্লার দুনিয়াকে  
রাঙায় যাহারা, আল্লার কৃপা সদা তাঁরে ঘিরে থাকে।  
তুমি যেন সেই খোদার রহম, এসেছিলে রূপ ধরে,  
আর্শের ছায়া দেখাইয়া ছিলে রূপের আর্শি ভরে।

কালাম ঝরেছে তোমার কলমে, সালাম লইয়া যাও।  
উর্কে থাকি' এ পাষণ জাতিরে রসে গলাইয়া দাও ॥

মাসিক মোহাম্মদী  
ভাদ্র, ১৩৪৮

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, বাংলা একাডেমী, ১৯৯৬ সংস্করণ, ৩য় খন্ড, পৃঃ ৪৪২-৪৪৩।

[Home](#)